

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

প্রজ্ঞাপন

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১০.৩১

তারিখ : ২১ চৈত্র ১৪৩২
০৪ এপ্রিল ২০২৬

সরকার আগামী ০৫.০৪.২০২৬ তারিখ হইতে দেশের সকল সরকারি ও বেসরকারি অফিস সময়সূচি পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নিম্নরূপভাবে নির্ধারণ করিল।

(ক) রবিবার হইতে বৃহস্পতিবার	সকাল ৯:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।
(খ) শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি।

- (গ) জরুরি পরিষেবাসমূহ নূতন অফিস সময়সূচির আওতা বহির্ভূত থাকিবে।
- (ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০৪.২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৩১১.০৬.০১০৪.২৬.৩১৯(১৩) নং পত্রের নির্দেশনা মোতাবেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সময়সূচি সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা এবং ব্যাংকিং সেবা সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণের বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।
- (ঙ) আদালতের অফিস সময়সূচি নির্ধারণে মহামান্য সুপ্রীম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।
- (চ) বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠান/কল-কারখানা ও প্রতিষ্ঠানের জন্য কর্মঘন্টা নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০৪/০৪/২০২৬
ফরিদা হোসাইন
উপসচিব

ফোনঃ ৯৫১৪৪৯২

ইমেইল-reg4@mopa.gov.bd